# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 17 July, 2025

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকাকে ঘিরে এক ইঙ্গিতপূর্ণ মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।তিনি বলেছেন, “গাজা নিয়ে কিছু ভালো খবর আছে।” তবে কিসে এই ‘ভালো খবর’– তা স্পষ্ট করেননি তিনি।

স্থানীয় সময় বুধবার (১৬ জুলাই) ওয়াশিংটনের হোয়াইট হাউসে কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আব্দুর রহমান আল থানির সঙ্গে বৈঠকের আগে ট্রাম্প এই মন্তব্য করেন। খবর: আনাদোলু এজেন্সি।

এক বিল স্বাক্ষর অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের মধ্যপ্রাচ্যবিষয়ক দূত স্টিভ উইটকফ-কে উদ্দেশ করে ট্রাম্প বলেন, “আমাদের গাজা নিয়ে কিছু ভালো খবর আছে এবং আরও কিছু গুরুত্বপূর্ণ ইস্যুতে আমরা উচ্চপর্যায়ে কাজ করছি।আপনি দারুণ কাজ করছেন।”

তবে তিনি আর কোনো বিস্তারিত তথ্য দেননি।

ট্রাম্পের এই মন্তব্য এমন সময় এলো, যখন হোয়াইট হাউসে কাতারের প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর একটি ‘ক্লোজড ডোর ডিনার মিটিং’ অনুষ্ঠিত হওয়ার কথা।অতীত অভিজ্ঞতা বলছে, এমন বৈঠকগুলোতে কখনো কখনো প্রেসকে সংক্ষিপ্ত বক্তব্যের সুযোগ দেওয়া হয়ে থাকে।

এই বৈঠককে তাৎপর্যপূর্ণ করে তুলেছে গাজা নিয়ে কাতারে চলমান একটি গুরুত্বপূর্ণ আলোচনা।

আনাদোলু জানায়, দোহায় বর্তমানে ইসরাইল ও হামাসের মধ্যে পরোক্ষ আলোচনা চলছে, যার মূল লক্ষ্য– যুদ্ধবিরতি ও বন্দি বিনিময় সংক্রান্ত একটি সমঝোতায় পৌঁছানো।

ইসরায়েলি সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় আলোচনায় ‘নাটকীয় অগ্রগতি’ হয়েছে।আলোচনার সঙ্গে সংশ্লিষ্ট এক ইসরায়েলি কর্মকর্তার বরাতে জানা যায়, ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু গাজা থেকে সেনা প্রত্যাহারে “অতিরিক্ত নমনীয়তা” প্রদর্শনের অনুমোদন দিয়েছেন, যা আলোচনার গতি বাড়িয়েছে।

ইসরায়েলের চ্যানেল ১৩ জানায়, “চুক্তির পথে এখন আর কোনো বড় বাধা নেই।”

২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ইসরায়েলি অভিযানের পর থেকে আন্তর্জাতিক মহল যুদ্ধবিরতির জন্য চাপ দিয়ে আসছে।বিভিন্ন পর্যায়ে আলোচনার পর অবশেষে কাতারে এই আলোচনা ইতিবাচক পর্যায়ে পৌঁছেছে বলে মনে করা হচ্ছে।এমন সময়ে ট্রাম্পের ‘সুখবর’ মন্তব্যকে এ আলোচনার সম্ভাব্য সফলতার ইঙ্গিত হিসেবেই দেখছে রাজনৈতিক বিশ্লেষকেরা।

ডোনাল্ড ট্রাম্প ফিলিস্তিন যুক্তরাষ্ট্র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:28

URL: https://timestodaybd.com/public/international/4906305698